# SOP (Standard Operating Procedure)

| SOP'র নাম: | জাহাজী কর্মকর্তাদের স্ত্রী ও সন্তানদের অনুকূলে supernumerary হিসাবে সিডিসি ইস্যু সংক্রান্ত SOP | | |
|---|---|---|---|
| পৃষ্ঠা | ৩ | SOP নং | |
| SOP অনুমোদনকারী | নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | অনুমোদনের তারিখ | |
| SOP ব্যবহারকারী | সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম | বাস্তবায়নের তারিখ | |

## ১. উদ্দেশ্য:

SOP তৈরীর মূল উদ্দেশ্য হচ্ছে সিটিজেন চার্টার মোতাবেক জাহাজী কর্মকর্তাদের স্ত্রী ও সন্তানগণ supernumerary হিসাবে জাহাজে চলাচলের নিমিত্ত সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামে সুপারনিউমারারি সিডিসি প্রাপ্তির জন্য আবেদনের প্রেক্ষিতে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম কর্তৃক সুপারনিউমারারি সিডিসি ইস্যু প্রক্রিয়াকে একটি সুনির্দিষ্ট ব্যবস্থাপনার মাধ্যমে পরিচালনা করে সেবার উৎকর্ষতাসাধন ও সহজীকরণ করে দ্রুত সময়ের মধ্যে সেবা নিশ্চিত করা।

## ২. লক্ষ্য:

SOP তৈরীর লক্ষ্য হচ্ছে সিডিসি ইস্যুকারী কর্তৃপক্ষ হিসেবে শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস ও তাঁর অধীন কর্মরত কর্মচারীদের দায়িত্ব নির্দিষ্টকরণের মাধ্যমে জাহাজী কর্মকর্তাদের স্ত্রী ও সন্তানদের অনুকূলে সুপারনিউমারারি সিডিসি ইস্যুর প্রক্রিয়াটিতে ধারাবাহিকতা, গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

**যোগাযোগের ঠিকানা:**


**শিপিং মাস্টার**

সরকারি সমুদ্র পরিবহন অফিস

সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোন: ৮৮০-৩১-৭২৩৭৫৪

ইমেইল: gso@gso.gov.bd

ওয়েবসাইট: www.gso.gov.bd


## ৩.বাংলাদেশী আইন ও বিধি মোতাবেক সিডিসি (CDC) কী?

সিডিসি (CDC) হচ্ছে সীফ্যারারের ধারাবাহিক নিষ্কৃতি সনদ বা Continuous Discharge Certificate যাকে প্রচলিত ভাবে সিডিসি বুক বলা হয়।

মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১০৭ এবং নৌপরিবহন অধিদপ্তর পত্র নং শিপিং-১৭৩/সুপারনিউমারারি/৮৭/অংশ-২/৯২০১ তারিখ: ২৫-০৭-২০০৭ খ্রিঃ মোতাবেক বাংলাদেশী জাহাজী কর্মকর্তাদের পরিবারের জন্য সুপারনিউমারারি হিসাবে অনুমোদিত ফরমেট মোতাবেক শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস ধারাবাহিক নিষ্কৃতি সনদ বা সিডিসি (CDC) ইস্যু করে।

## ৪. সিডিসি (CDC) ইস্যুকারী হিসেবে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাঃ

মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১০৭ এবং নৌপরিবহন অধিদপ্তরের আদেশ নং শিপিং-১৭৩/সুপারনিউমারারী/৮৭/অংশ-২/৯২০১ তারিখ: ২৫-০৭-২০০৭ খ্রিঃ মোতাবেক বাংলাদেশী জাহাজী কর্মকর্তাদের পরিবারের জন্য সুপারনিউমারারী হিসাবে ধারাবাহিক নিস্কৃতি সনদ বা সিডিসি ইস্যুকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম অথবা মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ৮(৩) মোতাবেক শিপিং মাস্টারের অধীন দায়িত্বপ্রাপ্ত উপ-শিপিং মাস্টার ও সহকারি শিপিং মাস্টার।

## ৫. সিডিসি (CDC) ইস্যুর প্রক্রিয়া, সময় ও বাস্তবায়নকারীঃ

### ৫.১ জাহাজী কর্মকর্তাদের পরিবারের জন্য সুপারনিউমারারি সিডিসি (CDC) ইস্যুর প্রক্রিয়া, সময় ও বাস্তবায়নকারীঃ

| ক্রমিক | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | সংশ্লিষ্ট জাহাজী কর্মকর্তার পরিবার কর্তৃক সুপারনিউমারারী হিসাবে সিডিসি প্রাপ্তির জন্য আবেদন দাখিল। | ---- | সংশ্লিষ্ট জাহাজী কর্মকর্তার পরিবার |
| ২। | প্রয়োজনীয় ডকুমেন্টসহ প্রাপ্ত আবেদনপত্র শিপিং মাস্টার কর্তৃক ডাইরি করার জন্য স্বাক্ষর। | প্রকৃত সময় | শিপিং মাস্টার,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ৩। | প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই পূর্বক ই/ডি-নথিতে অনুমোদনের জন্য উপস্থাপন। | প্রকৃত সময় | হিসাব রক্ষক, হিসাব শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ৪। | ই/ডি-নথিতে অনুমোদন প্রাপ্তির পর বালাম বইতে প্রয়োজনীয় তথ্য পূরণ ছবি লাগানো এবং সিডিসি লেখা ও সিডিসিতে ছবি লাগানো। | ২ ঘন্টা | হিসাব রক্ষক, হিসাব শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ৫। | বালাম বই ও সিডিসিসহ কর্মকর্তার স্বাক্ষরের জন্য উপস্থাপন। | ৩০ মিনিট | শিপিং মাস্টার,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৬ | শিপিং মাস্টার কর্তৃক সিডিসি ও বালাম বই স্বাক্ষরের পর তা যাচাই করে সংশ্লিষ্ট জাহাজী কর্মকর্তার পরিবারের নিকট সংশ্লিষ্ট রেজিস্টারে এন্ট্রি পূর্বক হস্তান্তর করা। | ২০ মিনিটি | হিসাব রক্ষক, হিসাব শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |

## ৬. সিডিসি (CDC) ইস্যুর ফি সংগ্রহ পদ্ধতিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় এর পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.১১৮.২০১৩(অংশ)/০৩, তারিখ: ২৮-০১-১৫ খ্রি:, নৌ-পরিবহন মন্ত্রণালয় এর পত্র নং- ১৮.০১৯.০৭.০০.০০.০০১.২০১৩-৪৫৮ তারিখ ০৫-০৮-২০১৫ এবং অত্র অফিসের পত্র নং- ৪০৫.০০৫.০৪৪.০০.০০.০৪৪.২০১০/অংশ-১৩/৮৬৮ তারিখ ০২-০৯-২০১৫ মোতাবেক অনুমোদিত সেবার ইস্যু ফি নিম্নরূপ:-

| ক্রমিক | সিডিসির ধরন | সিডিসি ইস্যু ফি | ভ্যাট |
|---|---|---|---|
| ১। | সুপারনিউমারারি সিডিসি | ২,০০০/- | ১৫% (ভ্যাট) ৩০০/- |
| ২। | সুপারনিউমারারী সিডিসি নবায়ন ফি | ২,০০০/- | ১৫% (ভ্যাট) ৩০০/- |
| ৩। | সিডিসিতে প্রতি সন্তানের (১২ বছরের কম) এন্ডোর্সমেন্ট ফি | ১,২০০/- | ১৫% (ভ্যাট) ১৮০/- |
| ৪। | মেডিকেল এন্ডোর্সমেন্ট ফি | ৩০০/- | - |

উক্ত ফি সমূহ আবেদনের মাধ্যমে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামের রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে পরিশোধযোগ্য।

রূপালী ব্যাংক কালেকশন বুথ অথবা হিসাব শাখার সরকারি ফরম নং-১ এর মাধ্যমে আদায়কৃত সিডিসি ইস্যু ফি ও ভ্যাট নন ট্যাক্স রেভিনিউ হিসেবে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়।

## ৪. সংজ্ঞাঃ

- "সরকার" অর্থ নৌপরিবহন মন্ত্রণালয়
- "অধিদপ্তর" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত নৌপরিহন অধিদপ্তর;
- "সরকারি সমুদ্র পরিবহন অফিস" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত সরকারি সমুদ্র পরিবহন অফিস বা Government Shipping Office ;
- "মহাপরিচালক" অর্থ নৌপরিহন অধিদপ্তরের মহাপরিচালক
- "শিপিং মাস্টার" অর্থ সরকারি সমুদ্র পরিবহন অফিসের শিপিং মাস্টার
- "BMSO" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983

মহাপরিচালক

তারিখঃ

নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা